



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭।

বিশ্ববিদ্যালয়ের মেইন ক্যাম্পাসের ক্যাফেটেরিয়া (শহীদ মোস্তাফা ক্যাফেটেরিয়া এবং শহীদ আবু সাঈদ প্রশাসনিক ভবনের ক্যাফেটেরিয়া) সমূহের ইজারা বিজ্ঞপ্তি

স্মারক নং- চাপ্রবি/পঃওউঃ/২০২৫-২০২৬/৫৭৭

তারিখ: ০৪/১২/২০২৫ খ্রিঃ

দক্ষ ও স্বীকৃত ঠিকাদার/সরবরাহকারী/ব্যক্তি/প্রতিষ্ঠান বা তাদের অনুমোদিত প্রতিনিধিদের নিকট থেকে নিম্নলিখিত নির্ধারিত শর্তাবলী অনুযায়ী সিলমোহরযুক্ত প্রস্তাবপত্র আহ্বান করা হচ্ছে:

১. মন্ত্রণালয়/বিভাগ : শিক্ষা মন্ত্রণালয়
২. ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম : ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), গাজীপুর
৩. প্রস্তাব আহ্বানের পদ্ধতি : OTM (Open Tendering Method)
৪. প্রস্তাব আহ্বানের তারিখ : ০৪/১২/২০২৫ খ্রিঃ
৫. প্রস্তাবকারীর যোগ্যতা :

ক) হালনাগাদকৃত খাবার হোটেল/ক্যান্টিন/রেস্টুরেন্ট পরিচালনা সংক্রান্ত বৈধ ট্রেড লাইসেন্সের কপি
খ) আয়কর সনাক্তকরণ নম্বর (TIN)
গ) ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি
ঘ) আর্থিক স্বচ্ছতার সমর্থনে ব্যাংকের সনদপত্র
ঙ) অভিজ্ঞতা সনদপত্র (ক্যাফেটেরিয়া পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে)।
চ) দরপত্র দাখিলের সময় বর্ণিত সকল প্রকার দলিলাদি/চাহিত তথ্য সঠিকভাবে জমাদানের জন্য অনুরোধ করা হচ্ছে। কোনরূপ ভ্রুটি-বিচ্যুতি/অভিযোগ/ভুল বা মিথ্যা তথ্য পাওয়া গেলে ও অভিযোগ প্রমাণিত হলে অভিজুক্ত দরদাতার দরপত্রের সাথে জমাকৃত দর প্রস্তাবের নিরাপত্তা জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল এবং প্রতিষ্ঠানটিকে ০৫ (পাঁচ) বছরের জন্য কালো তালিকাভুক্ত করা হবে। এ বিষয়ে কোনরূপ ওজর-আপত্তির অবকাশ থাকবে না।
ছ) ইজারাদারের পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) কপি, ওয়ার্ড কাউন্সিলর/চেয়ারম্যান/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

৬. প্রস্তাব পত্র ক্রয়ের অফিসের নাম ও ঠিকানা : কম্পটোলার অফিস, ডুয়েট, গাজীপুর, গাজীপুর-১৭০৭
৭. প্রস্তাবপত্র জমা দেয়ার দপ্তরের নাম ও ঠিকানা : পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস, ডুয়েট, গাজীপুর, গাজীপুর-১৭০৭

৮.	প্রস্তাবপত্র বিক্রয়ের শেষ তারিখ	: ১৭/১২/২০২৫ খ্রিঃ বিকাল ৩:৪৫
৯.	প্রস্তাবপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়	: ১৮/১২/২০২৫ খ্রিঃ বেলা ১২:০০
১০.	প্রস্তাবপত্র উন্মুক্তকরণের স্থান, তারিখ ও সময়	: পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস, ডুয়েট, গাজীপুর ১৮/১২/২০২৫ খ্রিঃ বেলা ১২:১৫

১১. প্যাকেজ ও লটের বিবরণ:

ইজারার বিবরণ	অবস্থান	শিডিউল মূল্য (অফেরং যোগ্য)	দর প্রস্তাবের নিরাপত্তা জামানত (টাকায়) ফেরং যোগ্য	মন্তব্য
ডুয়েট মেইন ক্যাম্পাসের ক্যাফেটেরিয়া (শহীদ মোস্তাফা ক্যাফেটেরিয়া এবং শহীদ আবু সাঈদ প্রশাসনিক ভবনের ক্যাফেটেরিয়া)	ডুয়েট ক্যাম্পাস	টাকা ১,০০০/-	টাকা ১০,০০০/- (দশ হাজার টাকা)	শর্তাবলীর বাইরে যে কোন প্রস্তাব নন- রেসপনসিভ বলে গণ্য হবে।

বিশেষ নির্দেশাবলী:

- ক. দর প্রস্তাবের জন্য নিরাপত্তা জামানতের টাকা বাংলাদেশের যে কোনো তালিকাভুক্ত ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি আকারে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর নামে জমা দিতে হবে।
- খ. নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রস্তাবপত্র না পৌঁছানো হলে, তা সরাসরি বাতিল হবে এবং প্রস্তাবপত্র দরদাতার কাছে খোলা ছাড়াই ফেরত দেয়া হবে। অবশ্যম্ভাবী কারণে যদি নির্ধারিত তারিখ ও সময়ে প্রস্তাবপত্র গ্রহণ ও খোলা না যায়, তবে একই স্থান ও সময়ে পরবর্তী কর্মদিবসে তা গ্রহণ ও খোলা হবে।
- গ. কোনো সংশোধনী (যদি থাকে) প্রস্তাবপত্রের অংশ হবে এবং প্রস্তাব দাতাকে তা আবশ্যিকভাবে মেনে নিতে হবে। কর্তৃপক্ষ কোন প্রস্তাব দাতাকে গ্রহণ করার জন্য বাধ্য নয় এবং কোনো কারণ না জানিয়ে যে কোনো বা সকল প্রস্তাবপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।
- ঘ. বিকল্প প্রস্তাব গ্রহণযোগ্য নয়।
- ঙ. বিস্তারিত জানার জন্য www.duet.ac.bd সাইটটি দেখুন।

অধ্যাপক ড. মোঃ শওকত ওসমান
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭